

চাকরিমুখী শিক্ষাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে

-শিক্ষা প্রতিমন্ত্রী

স্টাফ রিপোর্টার : শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম. এছানুজ্জামান হুজুং মিলন এমপি বলেছেন, বিশ্ব পরিস্থিতির কারণে চাকরিমুখী শিক্ষাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। এক্ষেত্রে বর্তমান সরকার কারিগরি শিক্ষার প্রসারে ব্যাপক কার্যক্রম হাতে নিয়েছেন এবং সেগুলো বাস্তবায়নের জন্য চেষ্টাও করে যাচ্ছেন। প্রতিমন্ত্রী বলেন, বিশ্বায়নের যুগে যেধার কোন ভৌগোলিক সীমারেখা নেই। তাই যেধার সর্বোচ্চ পরিচর্যা করে বিশ্বের যে কোন স্থানে নিজেদের কাজের ক্ষেত্র তৈরী করে নিতে হবে।

গতকাল (মঙ্গলবার) নর্দান ইউনিভার্সিটির উদ্যোগে ইউনিভার্সিটির ধানবাড়ি ক্যাম্পাসে তিনদিনব্যাপী ওয়েবকেশন এন্ড কারিয়ার প্র্যানিং ফেয়ার-এর উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। মেলায় দেশী-বিদেশী আটটি কারিয়ার কাউন্সিলিং সংস্থাসহ বারটি প্রতিষ্ঠান অংশ নিচ্ছে। মিডিয়া পার্টনার হিসেবে থাকছে দৈনিক নয়াদিগন্ত। মেলার কাউন্সিলিং সংস্থাসমূহের মাধ্যমে বেকার যুবকরা এবং উচ্চতর শ্রেণীতে, অধ্যয়নরত ছাত্র-ছাত্রীরা চাকরিপ্রাপ্তির পূর্বপ্রস্তুতি সম্পর্কে জানতে পারবে। এছাড়াও দেশে-বিদেশে চাকরিদাতা সংস্থাসমূহের প্রদত্ত সুযোগ-সুবিধাসমূহ মানসম্মত চাকরিপ্রাপ্তির জন্য প্রয়োজনীয় যোগ্যতা অর্জনের উপায় বিষয়ে বিস্তারিত তথ্য জানা যাবে।